কালের কণ্ঠ

তারিখ . 03. JUN 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# আয় সন্ধানী বাজেট

আবুল কাশেম ▷

ব্যয়ের সঙ্গে আয়ের হিসাব মেলাতে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত কাউকেই ছাড় দিলেন না। নতুন ভ্যাট আইন পুরোপুরি কার্যকর না করার কথা বললেও এর আওতা থেকে রেহাই মেলেনি কারো। লাশ ও রোগীবাহী অ্যাম্বুল্যান্স ছাড়া সব ধরনের যানবাহনের ওপর ভ্যাট আরোপ করেছেন তিনি। সংবাদপত্রে প্রকাশের জন্য কারো মৃত্যুবিষয়ক বিজ্ঞাপন বাদে সব ধরনের ক্লাসিফায়েড বিজ্ঞাপনে ভ্যাট আরোপ করেছেন। অর্থাৎ কোনো ব্যক্তি বা তার কোনো সনদ হারিয়ে গেলে বিজ্ঞাপন দিয়ে তা খুঁজতে যাওয়ার আগেও সরকারকে টাকা দিয়ে যেতে হবে। সরকারি, স্বায়ত্তশাসিত ও আধাসরকারি প্রতিষ্ঠানে চাকরিরতদের আয়কর রিটার্ন দাখিল করতে হবে বেতন ১৬ হাজার টাকা হলেই। মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়লেও করমুক্ত আয়সীমায় কোনো ছাড় দেননি অর্থমন্ত্রী। বরং ধনী-গরিবের বৈষম্য কমানোর কথা বলে ধনীদের ওপর সম্পদকর বাড়িয়েছেন। শিশুদের বিনোদনের সুযোগ বাড়াতে বেশ কিছু রাইডের আমদানি শুল্ক তুলে নিলেও ইংরেজি মাধ্যম ও বেসরকারি উচ্চশিক্ষায় ভ্যাট রেখে দিয়েছেন তিনি। সার্বিকভাবে বিনিয়োগ বাড়ানোর জন্য সুনির্দিষ্ট কিছু না থাকলেও তৈরি পোশাক শিল্প মালিকদের করপোরেট কর ৩৫ শতাংশ থেকে ২০ শতাংশে নামানোর কথা বলেছেন মন্ত্রী।

চলতি অর্থবছরে দুই লাখ ৯৫ হাজার ১০০ কোটি টাকার বাজেট ঘোষণাকালে অর্থমন্ত্রী জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) মাধ্যমে এক লাখ ৭৬ হাজার কোটি টাকার রাজস্ব আদায়ের হিসাব করেছিলেন। তবে আদায় কম হওয়ায় অর্থবছরের শেষ সময়ে সেখান থেকে লক্ষ্যমাত্রা ২৬ হাজার কোটি টাকা কমাতে হয়েছে তাঁকে। এ অবস্থার মধ্যে গতকাল জাতীয় সংসদে নিজের দশম এবং মহাজোট সরকারের দ্বিতীয় মেয়াদে তৃতীয়বারের মতো তিন লাখ ৪০ হাজার ৬০৫ কোটি টাকার বাজেট প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী। তাতে রাজস্ব বোর্ডকে দুই লাখ তিন হাজার ১৫২ কোটি টাকা আদায়ের লক্ষ্য দেওয়া হয়েছে। এনবিআর-বহির্ভূত খাতসহ আগামী অর্থবছরে (২০১৬-১৭) মোট দুই লাখ ৪২ হাজার ৭৫২ কোটি টাকা রাজস্ব আয়ের হিসাব করেছেন তিনি। অর্থমন্ত্রী নিজেই বলেছেন, এটি আসলেই উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা। তবে তা অর্জন করার মতো জনবল ও সক্ষমতা এনবিআরের রয়েছে। এত উচ্চাভিলাষী রাজস্ব লক্ষ্যমাত্রা ধরা সত্ত্বেও বাজেটে ঘাটতি থাকছে ৯৭ হাজার ৮৫৩ কোটি টাকা। এই ঘাটতি মেটাতে আরো বেশি সুদ গুনতে হবে অর্থমন্ত্রীকে।

কয়েক বছর ধরে ৭ শতাংশের ঊর্ধ্বে মোট দেশজ উৎপাদন বা জিডিপির প্রবৃদ্ধি অর্জনের স্বপ্ন দেখলেও তা পূরণ হয়নি। অগত্যা চলতি অর্থবছরের বাজেটে প্রবৃদ্ধির স্বপ্নে

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১

বেতন ১৬,০০০ টাকা হলেই আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক

২০ লাখ টাকার সম্পদধারীদের জন্য রিটার্ন দাখিল ঐচ্ছিক

মেগা ৮ প্রকল্পে বরাদ্দ ১৮,৭২৭ কোটি টাকা


পোশাক খাতের করপোরেট কর ৩৫% থেকে কমে ২০%

চাল আমদানিতে বাড়ছে ১৫% শুল্ক

সাইবার ক্রাইম ট্রাইব্যুনাল হবে

কোনো সুখবর নেই বিনিয়োগকারীদের জন্য

ব্যবসায়ীরাই ঠিক করবেন পণ্যের দাম সরকারের অনুমতি লাগবে না



**একনজরে বাজেট**

বাজেটের আকার বা ব্যয়
৩,৪০,৬০৫ কোটি টাকা
রাজস্ব আয়
২,৪২,৭৫২ কোটি
ঘাটতি
৯৭,৮৫৩ কোটি
জিডিপির প্রবৃদ্ধির আশা
৭.২%
মূল্যস্ফীতি
৫.৮%

কর হ্রাস সিটি করপোরেশনের বাইরে ভবন নির্মাণে

নতুন উৎসে কর ইউনিট হবে

ভ্যাট আইন পুরো কার্যকর হচ্ছে না

বাড়ল না করমুক্ত আয়সীমা

বাড়ছে ধনীদের সম্পদ কর

অর্থপাচার রোধে স্বতন্ত্র ইউনিট করবে এনবিআর

চালু হবে প্রবীণ সেবা কর্নার

ফ্রি পেনশন থাকছে না সরকারি চাকরিজীবীদের

p. T. O